ছবি মুক্তির আগেই আলোচনায় তিন নায়িকা !

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা: বড় পর্দায় অভিষেকের অপেক্ষায় আছেন বেশ কয়েকজন স্টারকিড। তাদের মধ্যে সবচেয়ে বেশি আলোচিত শ্রীদেবী কন্যা জাহ্নবী কাপুর। তার পরেই আলোচিত হচ্ছেন সাইফ আলী কন্যা সারা আলী খান। এবং তাদের দুই জনের পরে আলোচিত আরেক জন তিনি হলেন চাঙ্কি পাণ্ডের মেয়ে অনন্যা পাণ্ডে।

মারাঠি ছবি ‘সাইরাত’ মহারাষ্ট্রে বিপুল সাড়া ফেলেছিল। সেই ছবিটির রিমেক হচ্ছে এবার। ‘ধড়ক’ নামে নির্মিতব্য এই ছবিতে অভিনয় করছেন শ্রীদেবীর মেয়ে জাহ্নবী কাপুর। এই ছবির মাধ্যমে আরও অভিষেক হচ্ছে শহিদ কাপুরের ছোট ভাই ঈষাণের। আগামী ৬ জুলাই মুক্তি পেতে পারে ছবিটি।

এদিকে সাইফ আলি খানের মেয়ে সারা আলি খানও এ বছরেই বলিউডে পা রাখতে চলেছেন। পর পর দুটি ছবিতে তাকে দেখা যাবে। ‘কেদারনাথ’ ছবিতে তাকে দেখা যাবে সুশান্ত সিংহ রাজপুতের বিপরীতে। আর রোহিত শেঠি পরিচালিত ‘সিম্বা’ ছবিতে তিনি রণবীর সিংহের সঙ্গে জুটি বেঁধেছেন।

এছাড়াও ‘স্টুডেন্ট অব দ্যা ইয়ার ২’ ছবির মধ্য টাইগার শ্রফের বিপরীতে দেখা যাবে অনন্যা পাণ্ডেকে।

শ্রীদেবীর মেয়ে জাহ্নবী কাপুর, সাইফ আলী খানের মেয়ে সারা আলী খান ও চাঙ্কি পাণ্ডের মেয়ে অনন্যা পাণ্ডে ছবিতে অভিনয় শুরু করেই আলোচিত হয়েছেন। সংবাদ মাধ্যমের আগ্রহও তাদেরকে ঘিরে। প্রেক্ষাগৃহে ছবি মুক্তির আগেই তারা রীতিমতো নায়িকার জনপ্রিয়তা পেয়ে গেছেন।

নিউজবিডি৭১/আর/ ১২ জুন , ২০১৮